



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৭-০১-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

দেশের ফুটবল উন্নয়ন সংশ্লিষ্ট বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি এর সাথে বাফুফের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির এক সভা অদ্য ০৭-০১-২০২১ তারিখ বৃহস্পতিবার বেলা ১২:৩০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় নির্ধারিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা করা হয় (আলোচ্যসূচী সংযুক্ত)।

উক্ত সভায় বাংলাদেশ ফুটবল ফেডারেশনের পক্ষে উপস্থিত ছিলেন সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দীন, সিনিয়র সহ-সভাপতি জনাব আব্দুস সালাম মুর্শেদী-এমপি, সহ-সভাপতি কাজী নাবিল আহমেদ-এমপি, সহ-সভাপতি জনাব মোঃ আতাউর রহমান ভূইয়া (মানিক), সহ-সভাপতি জনাব মহিউদ্দিন আহমেদ মহি, ফিফা কাউন্সিল মেম্বর এবং বাফুফে ও এএফসি সদস্য মাহফুজা আক্তার কিরণ এবং বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ।

এছাড়াও অন্যান্যদের উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ আকতার হোসেন, অতিরিক্ত সচিব (ক্রীড়া) জনাব মোঃ আব্দুল করিম, এনডিসি, জাতীয় ক্রীড়া পরিষদের মাননীয় সচিব (অতিরিক্ত সচিব) জনাব মোঃ মাসুদ করিম, বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রাশিদুল হাসান, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব জনাব মোঃ মজিবর রহমান এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিবের ব্যক্তিগত সচিব জনাব সোহেল আহমেদ।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।